



আজ যশোরে সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ সোমবার (২৭ এপ্রিল) যশোর জেলা সফরে যাচ্ছেন। রোববার (২৬ এপ্রিল) প্রধানমন্ত্রীর প্রেস উইং এ তথ্য নিশ্চিত করেছে। সফরকে ঘিরে জেলায় প্রশাসনিক ও রাজনৈতিক তৎপরতা বাড়ানো হয়েছে।

সফরসূচি অনুযায়ী, সকালে গুলশানের বাসভবন থেকে সড়কপথে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে সেখান থেকে আকাশপথে যশোর বিমানবন্দরে যাবেন তিনি। যশোরে পৌঁছে শার্শা উপজেলার উলশী খাল পুনঃখনন কার্যক্রমের উদ্বোধন করবেন এবং সেখানে আয়োজিত পথসভা বা সুধী সমাবেশে বক্তব্য দেওয়ার কথা রয়েছে।

পরে যশোর সার্কিট হাউসে স্বল্প বিরতি শেষে বিকেলে যশোর মেডিকেল কলেজ হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন প্রধানমন্ত্রী। এর পর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে আয়োজিত জনসভায় অংশ নিয়ে বক্তব্য রাখবেন। দিনের কর্মসূচি শেষে সন্ধ্যায় যশোর বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা হয়ে রাতে রাজধানীতে ফিরবেন।

এর আগে গত ২ ফেব্রুয়ারি নির্বাচনের আগে যশোর সফরকালে উলশী খাল পুনঃখননের প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি। সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন শুরু করতেই এবারের সফর বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। পাশাপাশি যশোর মেডিকেল কলেজে ৫০০ শয্যার হাসপাতাল স্থাপনের দীর্ঘদিনের দাবিও এই সফরের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখা হচ্ছে।

প্রধানমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে স্থানীয়দের মধ্যে নানা প্রত্যাশা তৈরি হয়েছে। যশোর পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত করা, ভবদহ এলাকার জলাবদ্ধতার স্থায়ী সমাধান, একটি সাংস্কৃতিক ও একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং যশোর বিমানবন্দরকে আন্তর্জাতিক কার্গো বিমানবন্দরে উন্নীত করার দাবিগুলো আবারও সামনে এসেছে। এদিকে জেলা বিএনপি জানিয়েছে, জনসভাকে কেন্দ্র করে লক্ষাধিক মানুষের সমাগম ঘটাতে তারা প্রস্তুতি নিচ্ছে এবং বিভিন্ন জেলা থেকে নেতাকর্মীদের অংশগ্রহণ নিশ্চিত করতে সমন্বয় করা হচ্ছে।